

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।



পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৭৭.২২.০০১.২০(১৭).৪৫

তারিখ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঃ
১৭ মে ২০২১ খ্রি:

বিষয়: জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রম নির্বাচন কমিশনের পরিবর্তে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা সংক্রান্ত।

সূত্র: (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা- ০৩.০০.০০০০.০৭৭.২২.০০১.২০(১৭)-৭৩, তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ২০২০ খ্রি:
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৪২০.২২.০০০.২০.১০৮, তারিখ: ১৯ নভেম্বর ২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রম যথাযথভাবে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত কার্যক্রমসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রম নির্বাচনী বিভাগের দায়িত্বের অন্তর্ভুক্ত হওয়ায় বিভিন্ন শেখের উদাহরণের আলোকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সুরক্ষা সেবা বিভাগ উক্ত দায়িত্ব পালনে উপযুক্ত কর্তৃপক্ষ বিবেচিত বিধায় জাতীয় পরিচয় নিবন্ধন সংক্রান্ত দায়িত্ব সুরক্ষা সেবা বিভাগে ন্যস্ত করার লক্ষ্যে Allocation of Business among different Ministries and Divisions -এ সুরক্ষা সেবা বিভাগের দায়িত্বসমূহের মধ্যে জাতীয় পরিচয় নিবন্ধন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন্তর্ভুক্ত করা যেতে পারে;
- জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ -এ 'নির্বাচন কমিশন' এর পরিবর্তে 'সরকার' শব্দ অন্তর্ভুক্তকরণসহ প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান অবকাঠামো ও জনবল নির্বাচন কমিশন হতে সুরক্ষা সেবা বিভাগে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।


১৭.০৫.২০২১

(এ কে এম ফারুক রহমান)

পরিচালক-১০

ফোন : ৫৫০২৯৪০০

মোবাইল: ০১৭০১৬৭৯৫২০

ই-মেইল: dir10@pmo.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।